নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
নগর ভবন, ১০ বঙ্গবন্ধু সড়ক
নারায়ণগঞ্জ।
www.ncc.gov.bd

১৯/০২/২০১৯ খ্রি. তারিখ রোজ মঙ্গলবার সকাল ১১.০০ ঘটিকায় নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের অফিস কক্ষে জনসংযোগ সেল এর কার্য নির্বাহী কমিটির সভার কার্য বিবরনী ঃ-

সভার তারিখ ঃ ১৯ ফেব্রুয়ারি ২০১৯ খ্রিঃ
বার ঃ মঙ্গলবার
সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা
সভার স্থানঃ প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের এর অফিস কক্ষ
সভাপতি ও সচিব ঃ জনাব এ.এম.এফ এহতেশামূল হক
সভাপতি, জনসংযোগ সেল
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের নাম (স্বাক্ষরের ক্রমানুসারে)

১। জনাব এ.এম.এফ এহতেশামূল হক, প্রধান নির্বাহী কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, জনসংযোগ সেল- সভাপতি
২। জনাব মোঃ আজগর হোসেন, নির্বাহী প্রকৌশলী, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, জনসংযোগ সেল- সদস্য
৩। জনাব কে এম ফরিদুল মিরাজ, প্রধান সমাজ কল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন- সদস্য
৪। জনাবা ঈশরাত জাকিয়া, সহকারী সচিব, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, জনসংযোগ সেল- সদস্য
৫। জনাব আলমগীর হিরন, পরিচ্ছন্ন কর্মকর্তা,নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, জনসংযোগ সেল - সদস্য
৬। জনাব মোঃ আবুল হোসেন, পরিচ্ছন্ন কর্মকর্তা,নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, জনসংযোগ সেল - সদস্য
৭। জনাব ফয়েজ আহমেদ, হিসাব রক্ষক, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, জনসংযোগ সেল - সদস্য
৮। জনাব মোঃ মঈনুল ইসলাম, নগর পরিকল্পনাবিদ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, জনসংযোগ সেল- সদস্য সচিব

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

১) আলোচ্য বিষয় ঃ ক্ষুদেবার্তার নমুনা প্রণয়ন সম্পর্কে আলোচনা।

আলোচনা ঃ নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের নগর পরিকল্পনাবিদ জনাব মোঃ মঈনুল ইসলাম বলেন, সিটি গভর্নেন্স প্রকল্পের আওতাধীন এনসিসি এর মাধ্যমে ক্ষুদেবার্তা সেবা চালু করা হয়েছে। তিনি আরও বলেন, ক্ষুদেবার্তা সেবার বিষয়বস্তু প্রস্তুত পূর্বক তা সিটি কর্পোরেশনের নিয়মিত সভায় উপস্থাপন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে বলে উল্লেখ করেন। প্রস্তাবিত এসএমএস গুলো নিম্নে উল্লেখ করা হলো।

জাতীয় দিবস সম্পর্কিতঃ

২১ শে ফেব্রুয়ারী (আন্তর্জাতিক মাতৃভাষা দিবস)

- অসাম্প্রদায়িক বাংলাদেশ বিনির্মাণ হোক মহান একুশের চেতনায়। নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
  ১৭ ই মার্চ (বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্ম বার্ষিকী)
- হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালী, স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মদিবসে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এর পক্ষ থেকে জাতির পিতাকে বিনম্র শ্রদ্ধায় স্মরণ করছি এবং তাঁর রূহের মাগফেরাত কামনা করছি।
  ২৬ শে মার্চ (মহান স্বাধীনতা দিবস)
- "লক্ষ প্রাণের বিনিময়ে অর্জিত আমাদের স্বাধীনতা"- মহান স্বাধীনতা দিবসে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এর পক্ষ থেকে শুভেচ্ছা ও অভিনন্দন।
  ৫ ই মে (নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এর প্রতিষ্ঠাবার্ষিকী)
- নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এর .. তম প্রতিষ্ঠাবার্ষিকী ২০.. তে আপনাকে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এর পক্ষ থেকে শুভেচ্ছা ও অভিনন্দন।
  ১৫ ই আগষ্ট (জাতীয় শোক দিবস)
- ১৯৭৫ এর ১৫ ই আগষ্ট জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ শাহাদাৎ বরণকারী সকল শহীদদের রূহের মাগফিরাত কামনা করছি।
  ১৬ ই ডিসেম্বর (বিজয় দিবস)
- ......... তম মহান বিজয় দিবসে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এর পক্ষ থেকে শুভেচ্ছা ও অভিনন্দন।
  ঈদ-উল-ফিতর

- নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এর পক্ষ থেকে "ঈদ মোবারক" পবিত্র ঈদ-উল-ফিতরের শুভেচ্ছা, মেয়র, নাসিক।
  ঈদ-উল-আযহা
- নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এর পক্ষ থেকে পবিত্র ঈদ-উল আযহা এর শুভেচ্ছা ও অভিনন্দন। "ঈদ মোবারক"
  ঈদ-ই-মিলাদুন্নবী
- নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এর পক্ষ থেকে পবিত্র ঈদ-ঈ-মিলাদুন্নবী এর শুভেচ্ছা ও অভিনন্দন।
  বড় দিন
- নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এর পক্ষ থেকে শুভ বড়দিনের শুভেচ্ছা ও অভিনন্দন।
  বৌদ্ধ পূর্নিমা
- নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এর পক্ষ থেকে বৌদ্ধ পূর্নিমার শুভেচ্ছা ও অভিনন্দন।
  ১৪ ই এপ্রিল (১লা বৈশাখ)
- সবার জীবন ভরে উঠুক সুখ শান্তি আর অনাবিল আনন্দে। নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এর পক্ষ থেকে সবাইকে বাংলা নববর্ষের শুভেচ্ছা।

ট্যাক্স সম্পর্কিত

- ....অর্থ বছরের হোল্ডিং ট্যাক্স......... তারিখের মধ্যে পরিশোধের জন্য অনুরোধ করা হলো।
- সময়মত পৌর কর পরিশোধ করার জন্য ধন্যবাদ।
- আগামী ৩০ সেপ্টেম্বর, ২০১৯ তারিখের মধ্যে পৌরকর পরিশোধ করলে ১০% রেয়াদ (ছাড়) প্রদান করা হবে।
- আগামী ৩১ ডিসেম্বর, ২০১৯ তারিখের মধ্যে পৌরকর পরিশোধ করলে ৭.৫% রেয়াদ (ছাড়) প্রদান করা হবে।
- আগামী ৩১ মার্চ, ২০১৯ তারিখের মধ্যে পৌরকর পরিশোধ করলে ৫% রেয়াদ (ছাড়) প্রদান করা হবে।

কর নির্ধারণ (এ্যসেসমেন্ট)

- আগামী ............তারিখে,............ টায়, নগর ভবনে আপীল শুনানীতে অংশ গ্রহণের জন্য আপনাকে অনুরোধ করা হলো।

ট্রেড লাইসেন্স

- আপনার ট্রেড লাইসেন্স যথাসময়ে নবায়ননের জন্য অনুরোধ করা হলো।
- যথাসময়ে ট্রেড লাইসেন্স নবায়ণ করার জন্য আপনাকে ধন্যবাদ।
- ৩০ শে জুন ২০১৯ তারিখের মধ্যে ট্রেড লাইসেন্স নবায়ণ না করায় ...........% জরিমানা আরোপ করা হয়েছে।

জন্ম নিবন্ধন

- শিশু জন্মের সাথে সাথে জন্ম নিবন্ধন করুন।

অফিসিয়াল মিটিং

- .................ইং তারিখে............ টায় স্থানে/নগর ভবনে ........অনুষ্ঠান/সভা অনুষ্ঠিত হবে। যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

টীকা

- আপনার শিশুকে টীকা দিন।
- আগামী ............ইং তারিখে জাতীয় টীকা দিবস ২০১৯। নিকটস্থ কেন্দ্রে আপনার শিশুকে টীকা দিন।

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয় নগরবাসীকে এসএমএস প্রেরণের বিষয়টির উপর গুরুত্বআরোপ করেন এবং দ্রুত বাস্তবায়নের জন্য নির্দেশনা প্রদান করেন।

সিদ্ধান্ত ঃ ক্ষুদে বার্তা (SMS) পরিসেবা নিয়ে উপস্থিত সকলে একমত পোষণ করেন এবং তথ্য প্রচারের জন্য উপরোক্ত কন্টেন্ট ব্যবহার করণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় এবং বিভিন্ন ধর্মী উৎসবে সাধারণ জনগণের কাছে ক্ষুদে বার্তা (এসএমএস) প্রেরণ করার বিষয়ে সবাই একমত পোষণ করেন।

২) আলোচ্য বিষয় ঃ ক্ষুদে বার্তা (SMS) প্রেরণ সম্পর্কিত আলোচনা।

আলোচনা ঃ নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের নগর পরিকল্পনাবিদ জনাব মোঃ মঈনুল ইসলাম বলেন, এসএমএস সেবা ব্যবহার করে দ্রুত ও সহজে সরকারী তথ্য প্রবাহের বিষয়ে গুরত্ব আরোপ করেন। সিটি গভর্নেন্স প্রকল্পের অধীনে নগরবাসীদের সিটি কর্পোরেশনের উন্নয়ন কর্মকান্ডে আরো সম্পৃক্ত করার লক্ষ্যে এবং বিভিন্ন ধর্মীয় উৎসবে "ক্ষুদে বার্তা" প্রেরণ করা যেতে পারে, এছাড়াও ক্ষুদে বার্তা (SMS) সরবরাহ করার জন্য কমপক্ষে ১০,০০০ নগরবাসী তালিকাভূক্ত করার বিষয়ে আলোচনা হয় এবং ইতোমধ্যে নগরবাসীর প্রায় ১০,০০০ মোবাইল নাম্বার সংগ্রহ করা হয়েছে এবং নতুন আরোও ৩,০০০ নাম্বার সংগ্রহ করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ উপরোক্ত আলোচনার প্রেক্ষিতে নতুন নাম্বার সংগ্রহ করার লক্ষ্যে দ্রুত পদক্ষেপ গ্রহণ এবং ক্ষুদে বার্তা (এসএমএস) কার্যক্রম পরিচালনার জন্য সবাই ঐক্যমত পোষণ করেন।

৩) আলোচ্য বিষয় ঃ জনসচেতনতা বৃদ্ধিমূলক প্রচারনা আয়োজন প্রসঙ্গে।

সিটি গভার্নেন্স প্রজেক্ট (সিজিপি) ও স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) এর কারিগরি সহযোগিতায়, স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন ২০০৯ বর্ণিত বৈধ ও আইনানুগ কার্যক্রমসমূহ জনগণ কর্তৃক মেনে চলার জন্য জনসচেতনতা বৃদ্ধিমূলক প্রচারাভিযান আয়োজন করা যেতে পারে আগামী ২৮ মার্চ ২০১৯ খ্রিঃ। প্রচারাভিযানে স্লোগানসমূহ হবে, নিয়মিত পৌর কর পরিশোধ করুন, নির্মাণ সামগ্রী রাস্তার উপর রাখবেন না, ময়লা আবর্জনা ড্রেনে ফেলবেন না, বিনা লাইসেন্সে যানবাহন চালাবেন না, ফুটপাতে কোন দোকান বসাবেন না, খাদ্যে ফরমালিন মিশাবেন না, আপনার শিশুকে সময়মত টিকা দিন, আপনার সন্তানকে সুশিক্ষায় শিক্ষিত করুন, সবাই মিলে দিব কর, নগর হবে স্বনির্ভর, মাদক কে না বলুন এবং সন্তানকে সময় দিব জঙ্গি ও সন্ত্রাসমুক্ত সমাজ গরব।

সিদ্ধান্ত ঃ উপরোক্ত আলোচনার প্রেক্ষিতে এ ধরনের জনসচেতনা বৃদ্ধিমূলক প্রচারনা আয়োজন চলমান রাখার বিষয়টি সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে আহ্বায়ক, জনাব মোঃ মঈনুল ইসলাম সভার সমাপ্তি ঘোষণা করেন।

(এ,এফ,এম এহ্‌তেশামুল হক)
প্রধান নির্বাহী কর্মকর্তা
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
নারায়ণগঞ্জ।
ফোন: ০২-৭৬৩৩৪২৩
ই-মেইল: ceo@ncc.gov.bd

স্মারক নং-৪৬.৪৪.৬৭০০.০০৪.০৬(২).২১.১৫/ তারিখঃ

সদয় অবগতি/ কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো ঃ-

১। প্রধান নির্বাহী কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
২। প্রকল্প পরিচালক, সিটি গভর্নেন্স প্রকল্প (সিজিপি), আরডিইসি ভবন, লেভেল-৮, এলজিইডি ভবন, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
৩। মেডিকেল অফিসার, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৪। জনাব মোঃ আজগর হোসেন, নির্বাহী প্রকৌশলী, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৫। জনাব কে এম ফরিদুল মিরাজ, প্রধান সমাজ কল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৬। জনাব মোঃ মঈনুল ইসলাম, নগর পরিকল্পনাবিদ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৭। জনাবা ঈশরাত জাকিয়া, সহকারী সচিব, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৮। জনাব আলমগীর হিরন, পরিচ্ছন্ন কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৯। জনাব মোঃ আবুল হোসেন, পরিচ্ছন্ন কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
১০। জনাব ফয়েজ আহমেদ, হিসাব রক্ষক, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
১১। পি এ টু মেয়র, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, (মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য)।

(এ,এফ,এম এহ্‌তেশামুল হক)
প্রধান নির্বাহী কর্মকর্তা
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন